এ ছাড়া বাংলাদেশ ব্যাংকের ৩০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজে সিএমএসএমই খাতে ৫ হাজার কোটি টাকা বরাদ্দ, এসএমই উদ্যোক্তাদের ৫০ লাখ, নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভার করমুক্ত এবং ৫০ হাজার টাকা পর্যন্ত ই-লোন চালু প্রশংসনীয় উদ্যোগ। ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ফ্ল্যাট রেটে টার্নওভার কর ও আলাদা ভ্যাট রিটার্ন ফরম কর ব্যবস্থাপনাকে সহজ করবে বলে মনে করে ডিসিসিআই।

বিনিয়োগ ও ব্যবসা সহজীকরণের বিষয়ে ডিসিসিআই সভাপতি বলেন, বাজেটে সিঙ্গেল উইন্ডো বাধ্যতামূলক, ওয়ার্ক পারমিট সাত দিনে, বিদেশি ঋণের সুদে উৎসে কর ২০ শতাংশ থেকে ১০ শতাংশে হ্রাস এবং উৎসে কর কর্তনজনিত ব্যয় অগ্রহণযোগ্যতার বিধান বাতিল বিনিয়োগ পরিবেশ উন্নয়নে ভূমিকা রাখবে।

● ঢাকা চেম্বারের প্রতিক্রিয়া



প্রতিদিনের
বাংলাদেশ
শুক্রবার, ১২ জুন ২০২৬

# ব্যবসাবান্ধব বাজেট, তবে বাস্তবায়নই বড় চ্যালেঞ্জ

বা ডিসিসিআইয়ের প্রতিক্রিয়া

প্রবা প্রতিবেদক

প্রস্তাবিত ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটকে সামগ্রিকভাবে ব্যবসা ও বিনিয়োগ সহায়ক হিসেবে আখ্যায়িত করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কারের পূর্ণ বাস্তবায়নের ওপরই বাজেটের প্রকৃত সাফল্য নির্ভর করবে বলে মনে করে সংগঠনটি। গতকাল বৃহস্পতিবার ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত তাৎক্ষণিক বাজেট প্রতিক্রিয়ায় সংগঠনের সভাপতি তাসকীন আহমেদ এই মূল্যায়ন তুলে ধরেন। তিনি বলেন, শুধু বিশাল আকারের বাজেট বা বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ঘোষণা করলেই হবে না, বরং এর সফল বাস্তবায়নই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

ডিসিসিআইয়ের মতে, ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার এই বাজেটে পরিচালন ব্যয় কমানোর লক্ষ্য ইতিবাচক হলেও ৩০.৩৪ শতাংশ রাজস্ব বৃদ্ধির লক্ষ্যমাত্রা বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে চ্যালেঞ্জিং। একই সঙ্গে বাজেট ঘাটতি পূরণে ব্যাংকিং খাতের ওপর অতিরিক্ত ঋণনির্ভরতা বেসরকারি খাতে ঋণপ্রবাহ সংকুচিত করতে পারে এবং ব্যাংক খাতের পুনরুদ্ধার প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে পারে।

সংগঠনটি আরও উল্লেখ করে, গত অর্থবছরের এডিপির মাত্র ৩৬.১৯ শতাংশ বাস্তবায়নের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে শুধু বরাদ্দ বাড়ানো নয়, বরং বাস্তবায়ন সক্ষমতা বৃদ্ধির ওপর গুরুত্ব দিতে হবে।

কর ব্যবস্থাপনায় দীর্ঘদিনের দাবি অনুযায়ী উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করা এবং শিল্পের কাঁচামালে উৎসে কর ৪ শতাংশে নামিয়ে আনার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে ডিসিসিআই। পাশাপাশি তথ্যপ্রযুক্তি ও দেশীয় শিল্প সুরক্ষায় বিভিন্ন করছাড় এবং ক্যাশলেস লেনদেন প্রসারে পিওএস মেশিন আমদানিতে শুল্ক প্রত্যাহারকে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে উল্লেখ করা হয়।

ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতের জন্য ৫ হাজার কোটি টাকার বরাদ্দ এবং নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের করমুক্ত টার্নওভারের সুবিধাকেও ইতিবাচকভাবে দেখছে সংগঠনটি। তবে মূল্যস্ফীতির মধ্যেও করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা এবং সর্বোচ্চ আয়কর হার ৩৫ শতাংশ নির্ধারণে হতাশা প্রকাশ করে করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকায় উন্নীত করার দাবি জানানো হয়েছে।

প্রকাশনার ৭৪ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র
শুক্রবার, ১২ জুন ২০২৬

# বাজেট ‘ব্যবসাবান্ধব’, কার্যকর বাস্তবায়ন জরুরি: ডিসিসিআই

নিজস্ব বার্তা পরিবেশক

নতুন অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেটকে ‘ব্যবসাবান্ধব’ হিসেবে বর্ণনা করে এর কার্যকর বাস্তবায়নের ওপর জোর দিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ। তিনি বলেছেন, ‘সামগ্রিকভাবে ২০২৬-২৭ বাজেটকে ব্যবসা ও বিনিয়োগ সহায়ক হিসেবে বিবেচনা করা যায়। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কারের পূর্ণ বাস্তবায়নের ওপরই নির্ভর করবে এই বাজেটের প্রকৃত সাফল্য।’

গতকাল বিকেলে বাজেট নিয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি বলেন, ২০২৬-২৭ অর্থবছরে মোট ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট দেয়া হয়েছে, যা বিগত বছরের তুলনায় ১৯.০৪ শতাংশ বেশি।

তিনি বলেন, ‘রাজস্ব লক্ষ্যমাত্রা ৩০ দশমিক ৩৪ শতাংশ বৃদ্ধি বর্তমান অর্থনৈতিক অবস্থায় চ্যালেঞ্জিং এবং ঘাটতি পূরণে ঋণনির্ভরতা ব্যাংক খাতের পুনরুদ্ধার ও বেসরকারি বিনিয়োগে ঋণপ্রবাহের জন্য ইতিবাচক নয়। তবে পরিচালন ব্যয় কমানোর লক্ষ্যমাত্রা আপাতদৃষ্টিতে ইতিবাচক। এছাড়া ৩ লাখ কোটি টাকার নতুন এডিপি, যা গত বছরের চেয়ে ৩০ শতাংশ বেশি। তবে চলতি বছরের মাত্র ৩৬ দশমিক ১৯ শতাংশ বাস্তবায়ন হার দুর্বল সক্ষমতার প্রমাণ। শুধু বড় বাজেট ও এডিপি নয় বরং সফল বাস্তবায়নের ওপর জোর দিতে হবে।’

কর ব্যবস্থাপনা নিয়ে তাসকীন আহমেদ বলেন, উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করায় ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি পূরণ হয়েছে। শিল্পের কাঁচামালে উৎসে কর ৪ শতাংশে হ্রাস, ৬০টি নিত্যপণ্যে ০.৫ শতাংশ উৎসে কর, পাঁচ বছরের কর কাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও ইলেকট্রিক যানবাহন খাতে কর ছাড় ‘প্রশংসনীয়’।

ভ্যাটের হার না বাড়িয়ে করের পরিধি সম্প্রসারণ এবং ত্রৈমাসিক অনলাইন ভ্যাট রিটার্নের বিধানকেও স্বাগত জানান ডিসিসিআই সভাপতি।

তিনি বলেন, ‘মূল্যস্ফীতি সত্ত্বেও করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা ও সর্বোচ্চ আয়কর ৩৫ শতাংশ নির্ধারণ হতাশাজনক এবং করমুক্ত সীমা ৫ লাখ টাকা করার দাবি জানাচ্ছে ডিসিসিআই। ক্যাশলেস লেনদেনে পিওএস মেশিন আমদানিতে শুল্ক হ্রাস ও আগাম কর শূন্য করা যুগান্তকারী পদক্ষেপ।’

বাংলাদেশ ব্যাংকের ৬০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে ৫ হাজার কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাবকে ‘সাধুবাদ’ জানাচ্ছে ঢাকা চেম্বার।

তাসকীন আহমেদ বলেন, এসএমই উদ্যোক্তাদের ৫০ লাখ, নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভার করমুক্ত এবং ৫০ হাজার টাকা পর্যন্ত ই-লোন চালু ‘প্রশংসনীয়’ উদ্যোগ। ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ফ্ল্যাট রেটে টার্নওভার কর ও আলাদা ভ্যাট রিটার্ন ফরম কর ব্যবস্থাপনাকে সহজ করবে বলে মনে করে ডিসিসিআই।

বৈদ্যুতিক গাড়ি, মোবাইল ফোন, ফ্রিজ, এসি ও প্রযুক্তিপণ্যে কর হ্রাস দেশীয় শিল্পে বিনিয়োগ বৃদ্ধির সুযোগ তৈরি করবে বলেও আশা প্রকাশ করেন ডিসিসিআই সভাপতি। তার ভাষ্য, মুক্তবাণিজ্য অঞ্চল স্থাপনের উদ্যোগ বাণিজ্য ও বিনিয়োগের প্রসারে সহায়ক হবে।

এছাড়া স্থানীয় ইলেকট্রিক বাস ও ট্রাক উৎপাদনকারী শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে ৫ শতাংশ অতিরিক্ত ভ্যাট এবং সম্পূর্ণ শুল্ক অব্যাহতি এবং দেশীয় ই-বাইক উৎপাদনকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠানের উপকরণ আমদানিতে রেয়াতি সুবিধা প্রদানকে সাধুবাদ জানান তিনি।

ডিসিসিআই সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি সালিম সোলায়মানসহ পরিচালনা পর্ষদের সদস্যরা এ সময় উপস্থিত ছিলেন।

**আগামী অর্থবছরের জন্য ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট প্রস্তাব**

অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী ২০২৬-২৭ অর্থবছরের জন্য ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট প্রস্তাব করেছেন।

প্রস্তাবিত বাজেটের আকার দেশের মোট দেশজ উৎপাদনের (জিডিপি) ১৩.৭ শতাংশ। এটি চলতি অর্থবছরের বাজেটের তুলনায় ১ লাখ ৪৮ হাজার কোটি টাকা বেশি।

গতকাল জাতীয় সংসদে বাজেট বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, আগামী অর্থবছরে মোট উন্নয়ন ব্যয় বাড়িয়ে এবং পরিচালন ব্যয় তুলনামূলক কমিয়ে আনার পরিকল্পনা নেয়া হয়েছে। এর মাধ্যমে সরকারি ব্যয়ের কাঠামোয় উন্নয়ন কর্মকাণ্ডকে আরও বেশি গুরুত্ব দেয়া হবে।

প্রস্তাবিত বাজেটে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) জন্য ৩ লাখ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। সবমিলিয়ে উন্নয়ন ব্যয়ের পরিমাণ ধরা হয়েছে ৩ লাখ ১৬ হাজার ৭৫ কোটি টাকা। অন্যদিকে পরিচালন ব্যয়সহ অন্যান্য খাতে বরাদ্দের প্রস্তাব করা হয়েছে ৬ লাখ ২১ হাজার ৯২৫ কোটি টাকা।

বাজেট বক্তব্যে অর্থমন্ত্রী জানান, সরকার ধীরে ধীরে বাজেটে উন্নয়ন ব্যয়ের অংশ বাড়ানোর নীতি অনুসরণ করছে। সে অনুযায়ী আগামী অর্থবছরে উন্নয়ন ব্যয় ৩৩.৭০ শতাংশে উন্নীত করার প্রস্তাব করা হয়েছে। যা চলতি অর্থবছরের সংশোধিত বাজেটে ছিল ২৭.২৭ শতাংশ। একই সঙ্গে পরিচালন ব্যয়ের অংশ কমিয়ে আনার উদ্যোগ নেয়া হয়েছে। চলতি অর্থবছরে মোট ব্যয়ের ৭২.৭৩ শতাংশ পরিচালন খাতে ব্যয় হলেও আগামী অর্থবছরে তা কমিয়ে ৬৬.৩০ শতাংশে নামিয়ে আনার প্রস্তাব করা হয়েছে।

The Daily Share Biz
শেয়ার বিজ
সৃজনের পথে উন্নত স্বদেশ
শুক্রবার, ১২ জুন ২০২৬



তাসকীন আহমেদ
সভাপতি, ডিসিসিআই

# সংস্কারের পূর্ণ বাস্তবায়নের ওপরই নির্ভর করবে প্রকৃত সাফল্য

প্রস্তাবিত ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটকে সামগ্রিকভাবে ব্যবসা ও বিনিয়োগবান্ধব হিসেবে অভিহিত করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কার কার্যক্রমের পূর্ণাঙ্গ বাস্তবায়নের ওপরই বাজেটের প্রকৃত সাফল্য নির্ভর করবে বলে মন্তব্য করেছেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ। গত বুধবার রাজধানীর ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত প্রস্তাবিত জাতীয় বাজেটের তাৎক্ষণিক প্রতিক্রিয়া অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

ডিসিসিআই সভাপতি বলেন, ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রস্তাবিত ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট গত অর্থবছরের তুলনায় ১৯ দশমিক ৪ শতাংশ বেশি। তবে ৩০ দশমিক ৩৪ শতাংশ রাজস্ব প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা বর্তমান অর্থনৈতিক বাস্তবতায় বেশ চ্যালেঞ্জিং। একই সঙ্গে বাজেট ঘাটতি পূরণে ঋণনির্ভরতা ব্যাংকিং খাতের পুনরুদ্ধার এবং বেসরকারি খাতে ঋণপ্রবাহে নেতিবাচক প্রভাব ফেলতে পারে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন।

তিনি বলেন, ৩ লাখ কোটি টাকার নতুন বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) গত বছরের তুলনায় প্রায় ৩০ শতাংশ বেশি হলেও চলতি অর্থবছরে এডিপি বাস্তবায়নের হার মাত্র ৩৬ দশমিক ১৯ শতাংশ। তাই শুধু বড় বাজেট বা বড় এডিপি নয়, বরং কার্যকর বাস্তবায়নের ওপর গুরুত্ব দেওয়ার আহ্বান জানিয়েছে ডিসিসিআই।

কর ব্যবস্থাপনা বিষয়ে ডিসিসিআই জানায়, উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করার সিদ্ধান্ত ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবির প্রতিফলন। শিল্পের কাঁচামালে উৎসে কর ৪ শতাংশে নামিয়ে আনা, ৬০টি নিত্যপ্রয়োজনীয় পণ্যে ০.৫ শতাংশ উৎসে কর নির্ধারণ, পাঁচ বছরের কর কাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও ইলেকট্রিক যানবাহন খাতে কর ছাড়ের উদ্যোগকে ইতিবাচক হিসেবে উল্লেখ করা হয়।

একই সঙ্গে ভ্যাটের হার না বাড়িয়ে করের আওতা সম্প্রসারণ এবং ত্রৈমাসিক অনলাইন ভ্যাট রিটার্ন চালুর প্রস্তাবকে স্বাগত জানিয়েছে সংগঠনটি। তবে মূল্যস্ফীতির বাস্তবতায় করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা এবং সর্বোচ্চ আয়করের হার ৩৫ শতাংশ নির্ধারণ করায় হতাশা প্রকাশ করে ডিসিসিআই। সংগঠনটি করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকায় উন্নীত করার দাবি জানিয়েছে।

সিএমএসএমই খাতের জন্য বাংলাদেশ ব্যাংকের ৬০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় ৫ হাজার কোটি টাকা বরাদ্দকে সাধুবাদ জানিয়েছে ডিসিসিআই। পাশাপাশি এসএমই উদ্যোক্তাদের ৫০ লাখ টাকা এবং নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভার করমুক্ত রাখা, ৫০ হাজার টাকা পর্যন্ত ই-লোন চালুর উদ্যোগ এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ফ্ল্যাট রেটে টার্নওভার কর নির্ধারণকে ব্যবসা সহজীকরণের গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে উল্লেখ করা হয়।

শিল্প ও বিনিয়োগ খাতে ইলেকট্রিক গাড়ি, মোবাইল ফোন, ফ্রিজ, এয়ার কন্ডিশনার ও প্রযুক্তিপণ্যে কর হ্রাস দেশীয় শিল্পে বিনিয়োগ বাড়াতে সহায়ক হবে বলে মনে করে ডিসিসিআই। এছাড়া মুক্ত বাণিজ্য অঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ, স্থানীয় ইলেকট্রিক বাস ও ট্রাক উৎপাদন শিল্পের কাঁচামাল আমদানিতে ৫ শতাংশ অতিরিক্ত ভ্যাট এবং সম্পূর্ণ শুল্ক অব্যাহতি, দেশীয় ই-বাইক উৎপাদন ও সংযোজনকারী প্রতিষ্ঠানের জন্য রেয়াতি সুবিধা প্রদানের সিদ্ধান্তকে স্বাগত জানানো হয়।

বিদ্যুৎ ও জ্বালানি খাতে ২০৩০ সাল পর্যন্ত ইলেকট্রিক যানবাহনের ওপর ভ্যাট অব্যাহতি, নিবন্ধনে অগ্রিম আয়কর কমানো এবং চার্জিং নেটওয়ার্ক আমদানিতে কর শূন্য করার সিদ্ধান্তকে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে আখ্যায়িত করেছে সংগঠনটি। তবে গ্যাস অনুসন্ধানে কূপ খননের উদ্যোগ প্রয়োজনের তুলনায় কম বলে মন্তব্য করা হয়। পাশাপাশি দীর্ঘমেয়াদি জ্বালানি মূল্য কাঠামো প্রণয়নে সংশ্লিষ্ট অংশীজনদের মতামত গ্রহণের আহ্বান জানানো হয়েছে।

বিনিয়োগ ও ব্যবসা সহজীকরণে সিঙ্গেল উইন্ডো ব্যবস্থা বাধ্যতামূলক করা, সাত দিনের মধ্যে ওয়ার্ক পারমিট প্রদান, বিদেশি ঋণের সুদের ওপর উৎসে কর ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশে নামিয়ে আনা এবং উৎসে কর কর্তনের কারণে ব্যয় অগ্রহণযোগ্য ঘোষণার বিধান বাতিলের সিদ্ধান্ত বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরিতে ইতিবাচক ভূমিকা রাখবে বলে মনে করে ডিসিসিআই। অনুষ্ঠানে ডিসিসিআইর ঊর্ধ্বতন সহসভাপতি রাজিব এইচ চৌধুরী, সহসভাপতি মো. সালিম সোলায়মান এবং পরিচালনা পর্ষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

আজকের পত্রিকা

শুক্রবার, ১২ জুন ২০২৬



তাসকীন আহমেদ

# ব্যবসাবান্ধব বাজেট তবে বাস্তবায়নই বড় চ্যালেঞ্জ

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

প্রস্তাবিত বাজেটকে ব্যবসা ও বিনিয়োগবান্ধব বলে অভিহিত করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা, বড় আকারের উন্নয়ন কর্মসূচি এবং ঘোষিত সংস্কার কার্যক্রম বাস্তবায়নই হবে বাজেটের সবচেয়ে বড় চ্যালেঞ্জ বলে মনে করছে সংগঠনটি।

রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার মিলনায়তনে গতকাল বৃহস্পতিবার প্রস্তাবিত জাতীয় বাজেট নিয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় এসব কথা বলেন সংগঠনটির নেতারা।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, সামগ্রিকভাবে এবারের বাজেটকে ব্যবসা ও বিনিয়োগ সহায়ক হিসেবে বিবেচনা করা যায়। তবে বাজেটের প্রকৃত সাফল্য নির্ভর করবে উচ্চাভিলাষী রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কার কার্যক্রম বাস্তবায়নের ওপর।

ডিসিসিআইয়ের মতে, ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার প্রস্তাবিত বাজেট আগের অর্থবছরের তুলনায় প্রায় ১৯ শতাংশ বড়। একই সঙ্গে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ৩০ শতাংশের বেশি বাড়ানো হয়েছে, যা বর্তমান অর্থনৈতিক বাস্তবতায় অর্জন করা কঠিন হবে। এ ছাড়া ঘাটতি অর্থায়নে ঋণনির্ভরতা ব্যাংক খাতের পুনরুদ্ধার এবং বেসরকারি খাতে ঋণপ্রবাহ বৃদ্ধির জন্য ইতিবাচক নয়।

সংগঠনটি বলছে, পরিচালন ব্যয় কমানোর উদ্যোগ ইতিবাচক হলেও উন্নয়ন বাজেট বাস্তবায়নের সক্ষমতা নিয়ে প্রশ্ন রয়েছে। আগামী অর্থবছরের জন্য ৩ লাখ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রস্তাব করা হয়েছে, যা আগের বছরের তুলনায় প্রায় ৩০ শতাংশ বেশি। অথচ চলতি অর্থবছরে এডিপি বাস্তবায়নের হার মাত্র ৩৬ দশমিক ১৯ শতাংশ। ফলে শুধু বড় বরাদ্দ নয়, কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করাই এখন গুরুত্বপূর্ণ।

বাজেটে উৎসে করকে ন্যূনতম করের পরিবর্তে অগ্রিম কর হিসেবে গণ্য করার সিদ্ধান্তকে ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবির বাস্তবায়ন হিসেবে দেখছে ঢাকা চেম্বার।

একই সঙ্গে শিল্পের কাঁচামালের ওপর উৎসে কর ৪ শতাংশে নামিয়ে আনা, ৬০টি নিত্যপ্রয়োজনীয় পণ্যে উৎসে কর মাত্র শূন্য দশমিক ৫ শতাংশ নির্ধারণ, পাঁচ বছরের করকাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও বৈদ্যুতিক যানবাহন খাতে কর সুবিধা দেওয়ার উদ্যোগকে স্বাগত জানিয়েছে সংগঠনটি।

তবে মূল্যস্ফীতির বর্তমান পরিস্থিতি বিবেচনায় করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা এবং সর্বোচ্চ আয়করের হার ৩৫ শতাংশ নির্ধারণে হতাশা প্রকাশ করেছে ডিসিসিআই। সংগঠনটির দাবি, করমুক্ত আয়সীমা কমপক্ষে ৫ লাখ টাকা করা উচিত।

বিনিয়োগ ও ব্যবসা সহজীকরণে বাজেটে ঘোষিত বেশ কয়েকটি পদক্ষেপের প্রশংসা করেছে ঢাকা চেম্বার। এর মধ্যে সিঙ্গেল উইন্ডো ব্যবস্থা বাধ্যতামূলক করা, সাত দিনের মধ্যে ওয়ার্ক পারমিট দেওয়ার উদ্যোগ, বিদেশি ঋণের সুদের ওপর উৎসে কর ২০ শতাংশ থেকে ১০ শতাংশে নামিয়ে আনা এবং উৎসে কর কর্তনের কারণে ব্যয় অগ্রহণযোগ্য ঘোষণার বিধান বাতিলের প্রস্তাব উল্লেখযোগ্য।

ডিসিসিআইয়ের মতে, এসব পদক্ষেপ বাস্তবায়িত হলে বিনিয়োগ পরিবেশের উন্নতি হবে এবং দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে ইতিবাচক প্রভাব পড়বে।

আগামীর সময়

শুক্রবার, ১২ জুন ২০২৬




# সাফল্য নির্ভর করবে বাস্তবায়নে

## ডিসিসিআইর প্রতিক্রিয়া

**অর্থনৈতিক প্রতিবেদক**

সামগ্রিকভাবে ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটকে ব্যবসা ও বিনিয়োগ সহায়ক হিসেবে বিবেচনা করা যায়। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কারের পূর্ণ বাস্তবায়নের ওপরই নির্ভর করবে এই বাজেটের প্রকৃত সাফল্য বলে মনে করছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ।

প্রস্তাবিত জাতীয় বাজেটের ওপর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির তাৎক্ষণিক বাজেট প্রতিক্রিয়ায় বৃহস্পতিবার তিনি এমন মন্তব্য করেন।

ঢাকা চেম্বার সভাপতি বলেছেন, ২০২৬-২৭ অর্থবছরে মোট ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট বিগত বছরের তুলনায় ১৯ দশমিক শূন্য ৪ শতাংশ বেশি। রাজস্ব লক্ষ্যমাত্রা ৩০ দশমিক ৩৪ শতাংশ বৃদ্ধি বর্তমান অর্থনৈতিক অবস্থায় চ্যালেঞ্জিং এবং ঘাটতি পূরণে ঋণনির্ভরতা ব্যাংক খাতের পুনরুদ্ধার ও বেসরকারি বিনিয়োগে ঋণপ্রবাহের জন্য ইতিবাচক নয়। তবে, পরিচালন ব্যয় কমানোর লক্ষ্যমাত্রা আপাতদৃষ্টিতে ইতিবাচক। এ ছাড়া ৩ লাখ কোটি টাকার নতুন এডিপি, যা গত বছরের চেয়ে ৩০ শতাংশ বেশি, তবে চলতি বছরের মাত্র ৩৬ দশমিক ১৯ শতাংশ বাস্তবায়ন হার দুর্বল সক্ষমতার প্রমাণ। শুধু বড় বাজেট ও এডিপি নয়; বরং সফল বাস্তবায়নের ওপর জোর দিতে হবে বলে মনে করে ঢাকা চেম্বার।

উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করায় ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি পূরণ হয়েছে। শিল্পের কাঁচামালে উৎসে কর ৪ শতাংশে হ্রাস, ৬০টি নিত্যপণ্যে শূন্য দশমিক ৫ শতাংশ উৎসে কর, পাঁচ বছরের কর কাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও ইলেকট্রিক যানবাহন খাতে করছাড় প্রশংসনীয়। ভ্যাটের হার না বাড়িয়ে করের পরিধি সম্প্রসারণ এবং ত্রৈমাসিক অনলাইন ভ্যাট রিটার্নের বিধান ইতিবাচক। তবে মূল্যস্ফীতি সত্ত্বেও করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা ও সর্বোচ্চ আয়কর ৩৫ শতাংশ নির্ধারণ হতাশাজনক এবং করমুক্ত সীমা ৫ লাখ টাকা করার দাবি জানাচ্ছে ডিসিসিআই।

বাংলাদেশ ব্যাংকের ৬০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে ৫ হাজার কোটি টাকা বরাদ্দ সাধুবাদযোগ্য। এসএমই উদ্যোক্তাদের ৫০ লাখ, নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভার করমুক্ত এবং ৫০ হাজার টাকা পর্যন্ত ই-লোন চালু প্রশংসনীয় উদ্যোগ।

**শিল্প, বিনিয়োগ ও ব্যবসা সহজীকরণ:** বৈদ্যুতিক গাড়ি, মোবাইল ফোন, ফ্রিজ, এসি ও প্রযুক্তিপণ্যে কর হ্রাস দেশীয় শিল্পে বিনিয়োগ বৃদ্ধির সুযোগ তৈরি করবে। মুক্তবাণিজ্য অঞ্চল স্থাপনের উদ্যোগ বাণিজ্য ও বিনিয়োগের প্রসারে সহায়ক হবে। একই সঙ্গে স্থানীয় ইলেকট্রিক বাস ও ট্রাক উৎপাদনকারী শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে ৫ শতাংশ অতিরিক্ত ভ্যাট এবং সম্পূর্ণ শুল্ক অব্যাহতি এবং দেশীয় ই-বাইক উৎপাদনকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠানের উপকরণ আমদানিতে সব রেয়াতি সুবিধা প্রদানকে সাধুবাদ জানাচ্ছি।

বাজেটে সিঙ্গেল উইন্ডো বাধ্যতামূলক, ওয়ার্ক পারমিট ৭ দিনে, বিদেশি ঋণের সুদে উৎসে কর ২০ শতাংশ থেকে ১০ শতাংশে হ্রাস এবং উৎসে কর কর্তনজনিত ব্যয় অগ্রহণযোগ্যতার বিধান বাতিল বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে।

BSS NEWS
Online portal of Bangladesh Sangbad Sangstha
Friday
12 June, 2026

# DCCI terms FY27 budget business-friendly, stresses effective implementation




DHAKA, June 11, 2026 (BSS) - The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) today described the proposed national budget for fiscal year 2026-27 as business and investment-friendly, while emphasizing that its success would depend on effective implementation of reforms and achievement of proposed revenue targets.

Speaking at a press briefing on DCCI's initial reaction to the proposed budget at the chamber's auditorium in the capital, DCCI President Taskeen Ahmed said the budget contains several positive measures aimed at stimulating investment, industrial growth and tax compliance.

He noted that the proposed budget size of Taka 9.38 lakh crore, a 19.04 percent increase over the previous fiscal year, reflects the government's development ambitions.

However, he cautioned that the targeted revenue growth of 30.34 percent would be highly challenging under the prevailing economic conditions.

Ahmed also expressed concern over increased reliance on borrowing to finance the budget deficit, saying it could hamper the recovery of the banking sector and constrain credit flow to private-sector investment.

Welcoming the proposed Annual Development Programme (ADP) of Taka 3 lakh crore, up by 30 percent from the previous year, he said the low implementation rate of 36.19 percent in the current fiscal year highlights the need for stronger execution capacity.

On taxation, the DCCI president praised the government's decision to allow withholding tax to be treated as advance tax, calling it a longstanding demand of the business community.

He also welcomed the reduction of withholding tax on industrial raw materials to 4 percent, continuation of a 0.5 percent withholding tax on 60 essential commodities, and tax incentives for healthcare, renewable energy and electric vehicle sectors.

The chamber appreciated the government's move to widen the tax net without raising VAT rates and introduce quarterly online VAT return submissions.

However, it expressed disappointment over keeping the tax-free income threshold unchanged despite inflation and setting the highest personal income tax rate at 35 percent.

DCCI urged the government to raise the tax-free income threshold to Taka 5 lakh.

The chamber also welcomed customs duty reductions and advance tax exemptions
on imports of point-of-sale (POS) machines, describing the measures as important steps towards promoting cashless transactions.

Regarding the CMSME sector, DCCI praised the allocation of Taka 5,000 crore from Bangladesh Bank's Taka 60,000 crore stimulus package and welcomed tax relief measures for small entrepreneurs, women and persons with disabilities. It said the introduction of e-loans and simplified tax procedures would support small businesses and improve compliance.

The business body further said tax reductions on electric vehicles, mobile phones, refrigerators, air conditioners and technology products would encourage domestic industrial investment, while the planned establishment of Free Trade Zones would help attract trade and investment.

DCCI also welcomed reforms aimed at improving the ease of doing business, including mandatory single-window services, faster issuance of work permits and investor visas, lower withholding tax on foreign loan interest payments, and withdrawal of provisions disallowing expenses due to withholding tax deduction issues.

On energy, the chamber appreciated VAT exemptions and tax benefits for electric vehicles and charging infrastructure but said proposed measures for gas exploration and well drilling were insufficient to meet growing energy demand.

It called for the formulation of a long-term energy pricing framework through consultations with stakeholders to ensure energy security and attract investment in the sector.

DCCI Senior Vice-President Razeev H. Chowdhury, Vice President Md. Salem Sulaiman and other board members were present at the event.

bdnews24.com

শুক্রবার, ১২ জুন ২০২৬

# বাজেট 'ব্যবসায়বান্ধব', কার্যকর বাস্তবায়ন জরুরি: ডিসিসিআই

*বর্তমান অর্থনৈতিক অবস্থায় বাজেটকে 'চ্যালেঞ্জিং' এবং ঘাটতি পূরণে ঋণনির্ভরতা ব্যাংক খাতের পুনরুদ্ধার ও বেসরকারি বিনিয়োগে ঋণপ্রবাহের জন্য 'ইতিবাচক নয়' বলে মনে করছে বাণিজ্য সংগঠনটি।*




নতুন অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেটকে 'ব্যবসাবান্ধব' হিসেবে বর্ণনা করে এর কার্যকর বাস্তবায়নের ওপর জোর দিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ।

তিনি বলেছেন, "সামগ্রিকভাবে ২০২৬-২৭ বাজেটকে ব্যবসা ও বিনিয়োগ সহায়ক হিসেবে বিবেচনা করা যায়। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কারের পূর্ণ বাস্তবায়নের উপরই নির্ভর করবে এই বাজেটের প্রকৃত সাফল্য।"

বৃহস্পতিবার বিকালে সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট পেশ করেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। এরপর মতিঝিলে ডিসিসিআই কার্যালয়ে বাজেট নিয়ে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় জানান সংগঠনের সভাপতি।

তিনি বলেন, ২০২৬-২৭ অর্থবছরে মোট ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট দেওয়া হয়েছে, যা বিগত বছরের তুলনায় ১৯.০৪ শতাংশ বেশি।

"রাজস্ব লক্ষ্যমাত্রা ৩০ দশমিক ৩৪ শতাংশ বৃদ্ধি বর্তমান অর্থনৈতিক অবস্থায় চ্যালেঞ্জিং এবং ঘাটতি পূরণে ঋণনির্ভরতা ব্যাংক খাতের পুনরুদ্ধার ও বেসরকারি বিনিয়োগে ঋণপ্রবাহের জন্য ইতিবাচক নয়। তবে পরিচালন ব্যয় কমানোর লক্ষ্যমাত্রা আপাতদৃষ্টিতে ইতিবাচক।

"এছাড়া ৩ লাখ কোটি টাকার নতুন এডিপি, যা গত বছরের চেয়ে ৩০ শতাংশ বেশি। তবে চলতি বছরের মাত্র ৩৬ দশমিক ১৯ শতাংশ বাস্তবায়ন হার দুর্বল সক্ষমতার প্রমাণ। শুধু বড় বাজেট ও এডিপি নয় বরং সফল বাস্তবায়নের উপর জোর দিতে হবে।"

কর ব্যবস্থাপনা নিয়ে তাসকীন আহমেদ বলেন, উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করায় ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি পূরণ হয়েছে। শিল্পের কাঁচামালে উৎসে কর ৪ শতাংশে হ্রাস, ৬০টি নিত্যপণ্যে ০.৫ শতাংশ উৎসে কর, পাঁচ বছরের কর কাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও ইলেকট্রিক যানবাহন খাতে কর ছাড় 'প্রশংসনীয়'।

ভ্যাটের হার না বাড়িয়ে করের পরিধি সম্প্রসারণ এবং ত্রৈমাসিক অনলাইন ভ্যাট রিটার্নের বিধানকেও স্বাগত জানান ডিসিসিআই সভাপতি।

তিনি বলেন, "মূল্যস্ফীতি সত্ত্বেও করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা ও সর্বোচ্চ আয়কর ৩৫ শতাংশ নির্ধারণ হতাশাজনক এবং করমুক্ত সীমা ৫ লাখ টাকা করার দাবি জানাচ্ছে ডিসিসিআই। ক্যাশলেস লেনদেনে পিওএস মেশিন আমদানিতে শুল্ক হ্রাস ও আগাম কর শূন্য করা যুগান্তকারী পদক্ষেপ।"

বাংলাদেশ ব্যাংকের ৬০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে ৫ হাজার কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাবকে 'সাধুবাদ' জানাচ্ছে ঢাকা চেম্বার।

তাসকীন আহমেদ বলেন, এসএমই উদ্যোক্তাদের ৫০ লাখ, নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভার করমুক্ত এবং ৫০ হাজার টাকা পর্যন্ত ই-লোন চালু 'প্রশংসনীয়' উদ্যোগ। ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ফ্ল্যাট রেটে টার্নওভার কর ও আলাদা ভ্যাট রিটার্ন ফরম কর ব্যবস্থাপনাকে সহজ করবে বলে মনে করে ডিসিসিআই।

বৈদ্যুতিক গাড়ি, মোবাইল ফোন, ফ্রিজ, এসি ও প্রযুক্তিপণ্যে কর হ্রাস দেশীয় শিল্পে বিনিয়োগ বৃদ্ধির সুযোগ তৈরি করবে বলেও আশা প্রকাশ করেন ডিসিসিআই সভাপতি। তার ভাষ্য, মুক্তবাণিজ্য অঞ্চল স্থাপনের উদ্যোগ বাণিজ্য ও বিনিয়োগের প্রসারে সহায়ক হবে।

এছাড়া স্থানীয় ইলেকট্রিক বাস ও ট্রাক উৎপাদনকারী শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে ৫ শতাংশ অতিরিক্ত ভ্যাট এবং সম্পূর্ণ শুল্ক অব্যাহতি এবং দেশীয় ই-বাইক উৎপাদনকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠানের উপকরণ আমদানিতে রেয়াতি সুবিধা প্রদানকে সাধুবাদ জানান তিনি।

বিদ্যুচ্চালিত যানে (ইভি) ২০৩০ সাল পর্যন্ত ভ্যাট অব্যাহতি, নিবন্ধনে অগ্রিম আয়কর হ্রাস এবং চার্জিং নেটওয়ার্ক আমদানিতে কর শূন্য করাকে 'যুগান্তকারী' উদ্যোগ বলছেন তাসকীন আহমেদ।

তবে গ্যাস অনুসন্ধানের জন্য কূপ খননের পদক্ষেপ 'প্রয়োজনের তুলনায় বেশ কম' বলে মন্তব্য করে তিনি।

ডিসিসিআই সভাপতি বলেন, "আমদানি নির্ভর জ্বালানিতে সুনির্দিষ্ট মূল্য কাঠামো না থাকলে স্বল্পমেয়াদি ভর্তুকি বিনিয়োগের পরিবর্তে অপচয় বাড়াবে। সঙ্গে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে দীর্ঘমেয়াদি জ্বালানি মূল্য কাঠামো প্রণয়নেরও ডিসিসিআই আহ্বান জানাচ্ছে।"

বাজেটে 'সিঙ্গেল উইন্ডো (এক জায়গায় সব সেবা) বাধ্যতামূলক করা, সাত দিনে ওয়ার্ক পারমিট, বিদেশি ঋণের সুদে উৎসে কর ২০ শতাংশ থেকে ১০ শতাংশে হ্রাস এবং উৎসে কর কর্তনজনিত ব্যয় অগ্রহণযোগ্যতার বিধান বাতিল, বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে বলেও মনে করছে ডিসিসিআই।

ডিসিসিআই সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি সালিম সোলায়মানসহ পরিচালনা পর্ষদের সদস্যরা এ সময় উপস্থিত ছিলেন।

বাংলা স্ট্রিম

শুক্রবার, ১২ জুন ২০২৬

# বাজেট ব্যবসাবান্ধব, বড় চ্যালেঞ্জ বাস্তবায়ন: ডিসিসিআই




২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেটকে ব্যবসা ও বিনিয়োগবান্ধব অভিহিত করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন ও এর কার্যকর বাস্তবায়নকে বড় চ্যালেঞ্জ হিসেবে দেখছে সংগঠনটি।

বৃহস্পতিবার (১১ জুন) বিকেলে রাজধানীর মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে বাজেট-পরবর্তী তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় অনুষ্ঠানে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, '৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার প্রস্তাবিত বাজেট এবং ৩০ দশমিক ৩৪ শতাংশ বেশি রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা বর্তমান অর্থনৈতিক বাস্তবতায় বেশ চ্যালেঞ্জিং।'

৩ লাখ কোটি টাকার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের সক্ষমতা নিয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, চলতি অর্থবছরে এই বাস্তবায়ন হার ছিল মাত্র ৩৬ দশমিক ১৯ শতাংশ। তাই শুধু বড় বাজেট নয়, বরং কার্যকর বাস্তবায়নই আসল চাবিকাঠি।

কর ব্যবস্থাপনায় কিছু উদ্যোগকে স্বাগত জানিয়েছে ডিসিসিআই। এর মধ্যে উল্লেখযোগ্য হলো উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করা, শিল্পের কাঁচামালে উৎসে কর ৪ শতাংশে নামিয়ে আনা, ৬০টি নিত্যপণ্যে মাত্র ০ দশমিক ৫ শতাংশ উৎসে কর নির্ধারণ, পাঁচ বছরের জন্য কর কাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও বৈদ্যুতিক যানবাহন খাতে কর ছাড়ের প্রস্তাব।

ভ্যাটের হার না বাড়িয়ে করের পরিধি বাড়ানো এবং ত্রৈমাসিক অনলাইন ভ্যাট রিটার্ন দাখিলের বিধানকেও ব্যবসাবান্ধব বলে মনে করছে সংগঠনটি।

তবে উচ্চ মূল্যস্ফীতির সময়ে করমুক্ত আয়সীমা অপরিবর্তিত এবং সর্বোচ্চ ব্যক্তিগত আয়কর হার ৩৫ শতাংশ নির্ধারণ করায় হতাশা প্রকাশ করেছে ডিসিসিআই। মধ্যবিত্ত করদাতাদের স্বস্তি দিতে করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকায় উন্নীত করার দাবি জানিয়েছে তারা।

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সুরক্ষায় বাংলাদেশ ব্যাংকের ৬০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে ৫ হাজার কোটি টাকা বরাদ্দ, নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের জন্য ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভার করমুক্ত রাখা এবং ৫০ হাজার টাকা পর্যন্ত ই-লোন সুবিধার ঘোষণাকে স্বাগত জানিয়েছে ঢাকা চেম্বার।

এ ছাড়া বৈদ্যুতিক গাড়ি, মোবাইল ফোন, রেফ্রিজারেটর, এয়ার কন্ডিশনার ও প্রযুক্তিপণ্যে কর কমানোর সিদ্ধান্ত দেশীয় শিল্পে নতুন বিনিয়োগ আকর্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করে সংগঠনটি। একই সঙ্গে স্থানীয় ইলেকট্রিক বাস ও ট্রাক উৎপাদনকারী শিল্পের কাঁচামাল আমদানিতে শুল্ক সুবিধা এবং ই-বাইক শিল্পে রেয়াতি সুবিধার সিদ্ধান্তকে সময়োপযোগী বলছে ডিসিসিআই।


বৈদ্যুতিক যানবাহনের ওপর ভ্যাট বাদ দেওয়া হলেও দেশের খনিজ সম্পদ রক্ষা ও গ্যাস অনুসন্ধানে নতুন কূপ খননে জোর দেওয়ার আহ্বান জানিয়েছে ডিসিসিআই। পাশাপাশি দীর্ঘমেয়াদি জ্বালানি মূল্য কাঠামো প্রণয়নেরও সুপারিশ করেছে তারা। ব্যবসা সহজীকরণে সিঙ্গেল উইন্ডো ব্যবস্থা বাধ্যতামূলক করা, ৪৮ ঘণ্টায় কোম্পানি নিবন্ধন, ৭ দিনের মধ্যে লাইসেন্স প্রদান এবং বিদেশি ঋণের সুদের ওপর উৎসে কর কমানোর প্রস্তাবকে বিনিয়োগ পরিবেশ উন্নয়নে গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলছে ঢাকা চেম্বার।

অনুষ্ঠানে ডিসিসিআইয়ের ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজীব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান এবং পরিচালনা পর্ষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

Dhaka Mail

শুক্রবার, ১২ জুন ২০২৬

# ব্যবসাবান্ধব বাজেট, সফলতা নির্ভর করবে বাস্তবায়নের ওপর: ডিসিসিআই




২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত জাতীয় বাজেটকে সামগ্রিকভাবে ব্যবসা ও বিনিয়োগবান্ধব হিসেবে মূল্যায়ন করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কার কার্যক্রমের কার্যকর বাস্তবায়নের ওপরই বাজেটের প্রকৃত সফলতা নির্ভর করবে বলে মন্তব্য করেছেন ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ।

বৃহস্পতিবার (১১ জুন) রাজধানীর ডিসিসিআই অডিটোরিয়ামে আয়োজিত তাৎক্ষণিক বাজেট প্রতিক্রিয়া অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

ডিসিসিআই সভাপতি বলেন, ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার প্রস্তাবিত বাজেট ও ৩ লাখ কোটি টাকার এডিপি দেশের অর্থনৈতিক অগ্রযাত্রার জন্য গুরুত্বপূর্ণ হলেও বাস্তবায়ন সক্ষমতা বাড়ানো এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। চলতি অর্থবছরে এডিপি বাস্তবায়নের হার মাত্র ৩৬ দশমিক ১৯ শতাংশ হওয়ায় বড় বরাদ্দের চেয়ে কার্যকর বাস্তবায়নকে বেশি গুরুত্ব দেওয়ার তাগিদ দেন তিনি।

ডিসিসিআইর মতে, কর ব্যবস্থাপনায় একাধিক ইতিবাচক পদক্ষেপ নেওয়া হয়েছে। উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করা, শিল্পের কাঁচামালে উৎসে কর হ্রাস, ৬০টি নিত্যপ্রয়োজনীয় পণ্যে কম হারে উৎসে কর, পাঁচ বছরের কর কাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও বৈদ্যুতিক যানবাহন খাতে কর সুবিধা ব্যবসায়ীদের দীর্ঘদিনের প্রত্যাশার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। একইসঙ্গে ভ্যাটের হার না বাড়িয়ে করের আওতা সম্প্রসারণ এবং ত্রৈমাসিক অনলাইন ভ্যাট রিটার্ন চালুর উদ্যোগকে স্বাগত জানিয়েছে সংগঠনটি।

তবে মূল্যস্ফীতির বাস্তবতায় করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা এবং সর্বোচ্চ আয়কর হার ৩৫ শতাংশ নির্ধারণকে হতাশাজনক বলে উল্লেখ করেন তাসকীন আহমেদ। তিনি করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকায় উন্নীত করার দাবি জানান।

ক্ষুদ্র, কুটির, মাঝারি ও মাইক্রো শিল্প (সিএমএসএমই) খাতের জন্য বাংলাদেশ ব্যাংকের ৬০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় ৫ হাজার কোটি টাকা বরাদ্দ, ক্ষুদ্র উদ্যোক্তাদের কর সুবিধা, নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের জন্য বাড়তি টার্নওভার সীমা এবং ই-লোন চালুর উদ্যোগকে প্রশংসনীয় বলে মনে করছে ডিসিসিআই। তাদের মতে, এসব পদক্ষেপ উদ্যোক্তা বিকাশ ও কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক হবে।

শিল্প ও বিনিয়োগ খাতে বৈদ্যুতিক গাড়ি, মোবাইল ফোন, ফ্রিজ, এসি এবং প্রযুক্তিপণ্যে কর হ্রাস দেশীয় শিল্পে নতুন বিনিয়োগের সুযোগ সৃষ্টি করবে। পাশাপাশি মুক্ত বাণিজ্য অঞ্চল স্থাপন, স্থানীয় ইলেকট্রিক বাস ও ট্রাক শিল্পে শুল্ক সুবিধা এবং ই-বাইক শিল্পে রেয়াতি সুবিধা প্রদানের সিদ্ধান্তকেও ইতিবাচক হিসেবে দেখছে ব্যবসায়ীদের এই শীর্ষ সংগঠন।

জ্বালানি খাতে ইলেকট্রিক ভেহিকেলের জন্য ২০৩০ সাল পর্যন্ত ভ্যাট অব্যাহতি, নিবন্ধনে অগ্রিম আয়কর হ্রাস এবং চার্জিং অবকাঠামো আমদানিতে কর শূন্য করার উদ্যোগকে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে উল্লেখ করলেও গ্যাস অনুসন্ধানে আরও বড় উদ্যোগ প্রয়োজন বলে মনে করে ডিসিসিআই। একইসঙ্গে দীর্ঘমেয়াদি ও স্থিতিশীল জ্বালানি মূল্য কাঠামো প্রণয়নের আহ্বান জানানো হয়েছে।

এ ছাড়া সিঙ্গেল উইন্ডো সেবা বাধ্যতামূলক করা, সাত দিনের মধ্যে ওয়ার্ক পারমিট প্রদান, বিদেশি ঋণের সুদে উৎসে কর ২০ শতাংশ থেকে ১০ শতাংশে নামিয়ে আনা এবং উৎসে কর কর্তনসংক্রান্ত জটিলতা দূর করার উদ্যোগ বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে বলে মনে করে ঢাকা চেম্বার।

অনুষ্ঠানে ডিসিসিআইর ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান এবং পরিচালনা পর্ষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

DHAKA POST

শুক্রবার, ১২ জুন ২০২৬

# ব্যবসাবান্ধব বাজেট, কার্যকর বাস্তবায়ন জরুরি : ডিসিসিআই




প্রস্তাবিত জাতীয় বাজেট নিয়ে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) তাৎক্ষণিক বাজেট প্রতিক্রিয়ায় সংগঠনটির সভাপতি তাসকীন আহমেদ বলেছেন, সামগ্রিকভাবে ২০২৬-২৭ বাজেটকে ব্যবসা ও বিনিয়োগ সহায়ক হিসেবে বিবেচনা করা যায়। তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কারের পূর্ণ বাস্তবায়নের ওপরই নির্ভর করবে এই বাজেটের প্রকৃত সাফল্য।

বৃহস্পতিবার (১১ জুন) জাতীয় সংসদে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট ঘোষণার পর মতিঝিলে অবস্থিত ঢাকা চেম্বারের অডিটোরিয়ামে অনুষ্ঠিত তাৎক্ষণিক বাজেট প্রতিক্রিয়ায় তিনি এসব কথা বলেন।

ঢাকা চেম্বারের সভাপতি বলেন, ২০২৬-২৭ অর্থবছরে মোট ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট। বিগত বছরের তুলনায় ১৯.০৪ শতাংশ বেশি। রাজস্ব লক্ষ্যমাত্রা ৩০.৩৪ শতাংশ বৃদ্ধি বর্তমান অর্থনৈতিক অবস্থায় চ্যালেঞ্জিং এবং ঘাটতি পূরণে ঋণনির্ভরতা, ব্যাংক খাতের পুনরুদ্ধার ও বেসরকারি বিনিয়োগে ঋণপ্রবাহের জন্য ইতিবাচক নয়।

তবে, পরিচালন ব্যয় কমানোর লক্ষ্যমাত্রা আপাতদৃষ্টিতে ইতিবাচক। এছাড়া, ৩ লাখ কোটি টাকার নতুন এডিপি, যা গত বছরের চেয়ে ৩০ শতাংশ বেশি, তবে চলতি বছরের মাত্র ৩৬.১৯ শতাংশ বাস্তবায়ন হার দুর্বল সক্ষমতার প্রমাণ, শুধু বড় বাজেট ও এডিপি নয়, বরং সফল বাস্তবায়নের ওপর জোর দিতে হবে বলে মনে করে ঢাকা চেম্বার।

তিনি বলেন, উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করায় ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি পূরণ হয়েছে। শিল্পের কাঁচামালে উৎসে কর ৪ শতাংশে হ্রাস, ৬০টি নিত্যপণ্যে ০.৫ শতাংশ উৎসে কর, পাঁচ বছরের কর কাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও ইলেকট্রিক যানবাহন খাতে করছাড় প্রশংসনীয়। ভ্যাটের হার না বাড়িয়ে করের পরিধি সম্প্রসারণ এবং ত্রৈমাসিক অনলাইন ভ্যাট রিটার্নের বিধানকে স্বাগত জানাই। তবে মূল্যস্ফীতি সত্ত্বেও করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা ও সর্বোচ্চ আয়কর ৩৫ শতাংশ নির্ধারণ হতাশাজনক এবং করমুক্ত সীমা ৫ লাখ টাকা করার দাবি জানাচ্ছে ডিসিসিআই। ক্যাশলেস লেনদেনে পিওএস মেশিন আমদানিতে শুল্ক হ্রাস ও আগাম কর শূন্য করা যুগান্তকারী পদক্ষেপ।

তাসকিন আহমেদ আরও বলেন, বাংলাদেশ ব্যাংকের ৬০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে ৫ হাজার কোটি টাকা বরাদ্দ সাধুবাদযোগ্য। এসএমই উদ্যোক্তাদের ৫০ লাখ, নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভার করমুক্ত এবং ৫০ হাজার টাকা পর্যন্ত ই-লোন চালু প্রশংসনীয় উদ্যোগ। ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ফ্ল্যাট রেটে টার্নওভার কর ও আলাদা ভ্যাট রিটার্ন ফরম কর ব্যবস্থাপনাকে সহজ করবে বলে মনে করে ডিসিসিআই।

তিনি বলেন, বৈদ্যুতিক গাড়ি, মোবাইল ফোন, ফ্রিজ, এসি ও প্রযুক্তিপণ্যে কর হ্রাস দেশীয় শিল্পে বিনিয়োগ বৃদ্ধির সুযোগ তৈরি করবে। মুক্ত বাণিজ্য অঞ্চল স্থাপনের উদ্যোগ বাণিজ্য ও বিনিয়োগের প্রসারে সহায়ক হবে। একইসঙ্গে, স্থানীয় ইলেক্ট্রিক বাস ও ট্রাক উৎপাদনকারী শিল্পের কাঁচামাল আমদানির ক্ষেত্রে ৫ শতাংশ অতিরিক্ত ভ্যাট এবং সম্পূর্ণ শুল্ক অব্যাহতি এবং দেশীয় ই-বাইক উৎপাদনকারী ও সংযোজনকারী প্রতিষ্ঠানের উপকরণ আমদানিতে সব রেয়াতি সুবিধা প্রদানকে সাধুবাদ জানাচ্ছি।

এই ব্যবসায়ী আরও বলেন, ইলেক্ট্রিক ভিহিকেলে (ইভি) ২০৩০ সাল পর্যন্ত ভ্যাট অব্যাহতি, নিবন্ধনে অগ্রিম আয়কর হ্রাস এবং চার্জিং নেটওয়ার্ক আমদানিতে কর শূন্য করা যুগান্তকারী উদ্যোগ। তবে গ্যাস অনুসন্ধানের জন্য কূপ খননের পদক্ষেপ প্রয়োজনের তুলনায় বেশ কম। আমদানি নির্ভর জ্বালানিতে সুনির্দিষ্ট মূল্য কাঠামো না থাকলে স্বল্পমেয়াদি ভর্তুকি বিনিয়োগের পরিবর্তে অপচয় বাড়াবে বলে মনে করে ডিসিসিআই, সেই সঙ্গে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে দীর্ঘমেয়াদি জ্বালানি মূল্য কাঠামো প্রণয়নের আহ্বান জানাচ্ছে।

তিনি বলেন, বাজেটে সিঙ্গেল উইন্ডো বাধ্যতামূলক, ওয়ার্ক পারমিট ৭ দিনে, বিদেশি ঋণের সুদে উৎসে কর ২০ শতাংশ হতে ১০ শতাংশে হ্রাস এবং উৎসে কর কর্তনজনিত ব্যয় অগ্রহণযোগ্যতার বিধান বাতিল বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কার্যকর ভূমিকা রাখবে বলে মনে করছে ডিসিসিআই।

এ সময় ডিসিসিআই ঊর্ধ্বতন সহ-সভাপতি রাজিব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালিম সোলায়মান সহ পরিচালনা পর্ষদের সদস্যরা এ সময় উপস্থিত ছিলেন।

সময়

শুক্রবার, ১২ জুন ২০২৬

# ব্যবসাবান্ধব বাজেট, কার্যকর বাস্তবায়ন জরুরি: ঢাকা চেম্বার সভাপতি

সামগ্রিকভাবে ২০২৬-২৭ বাজেটকে ব্যবসা ও বিনিয়োগ সহায়ক হিসেবে বিবেচনা করা যায়, তবে উচ্চ রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন এবং ঘোষিত সংস্কারের পূর্ণ বাস্তবায়নের উপরই এই বাজেটের প্রকৃত সাফল্য নির্ভর করবে বলে জানিয়েছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

বৃহস্পতিবার (১১ জুন) প্রস্তাবিত জাতীয় বাজেটের উপর ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির তাৎক্ষণিক বাজেট প্রতিক্রিয়ায় সংগঠনটির সভাপতি তাসকীন আহমেদ এসব কথা বলেন।

তিনি বলেন, ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রস্তাবিত ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট আগের বছরের তুলনায় ১৯ দশমিক ০৪ শতাংশ বেশি। বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ৩০ দশমিক ৩৪ শতাংশ বাড়ানো বেশ চ্যালেঞ্জিং। একই সঙ্গে বাজেট ঘাটতি পূরণে ঋণনির্ভরতা ব্যাংক খাতের পুনরুদ্ধার এবং বেসরকারি খাতে ঋণপ্রবাহের জন্য খুব ইতিবাচক নয়। তবে পরিচালন ব্যয় কমানোর লক্ষ্য আপাতদৃষ্টিতে ইতিবাচক। এছাড়া ৩ লাখ কোটি টাকার নতুন এডিপি গত বছরের তুলনায় ৩০ শতাংশ বেশি হলেও চলতি অর্থবছরে বাস্তবায়ন হার মাত্র ৩৬ দশমিক ১৯ শতাংশ হওয়ায় এটি বাস্তবায়ন সক্ষমতার দুর্বলতার ইঙ্গিত দেয়। তাই শুধু বড় বাজেট বা বড় এডিপি নয়, বরং কার্যকর বাস্তবায়নের ওপর গুরুত্ব দিতে হবে।

উৎসে করকে অগ্রিম কর হিসেবে গণ্য করার সিদ্ধান্ত ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি পূরণ করেছে। শিল্পের কাঁচামালে উৎসে কর ৪ শতাংশে নামিয়ে আনা, ৬০টি নিত্যপণ্যে শূন্য দশমিক ৫ শতাংশ উৎসে কর নির্ধারণ, পাঁচ বছরের কর কাঠামো আগাম ঘোষণা এবং স্বাস্থ্যসেবা, নবায়নযোগ্য জ্বালানি ও বৈদ্যুতিক যানবাহন খাতে কর ছাড়ের উদ্যোগ প্রশংসনীয়। এছাড়া ভ্যাটের হার না বাড়িয়ে করের আওতা সম্প্রসারণ এবং ত্রৈমাসিক অনলাইন ভ্যাট রিটার্ন চালুর সিদ্ধান্তকেও স্বাগত জানিয়েছে ডিসিসিআই।

তবে মূল্যস্ফীতি থাকা সত্ত্বেও করমুক্ত আয়সীমা অপরিবর্তিত রাখা এবং সর্বোচ্চ আয়কর হার ৩৫ শতাংশ নির্ধারণ করায় হতাশা প্রকাশ করেছে সংগঠনটি। একই সঙ্গে করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকা করার দাবি জানিয়েছে তারা। ক্যাশলেস লেনদেন উৎসাহিত করতে পিওএস মেশিন আমদানিতে শুল্ক কমানো এবং অগ্রিম কর শূন্য করার সিদ্ধান্তকে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে উল্লেখ করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের ৬০ হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় সিএমএসএমই খাতে ৫ হাজার কোটি টাকা বরাদ্দকে সাধুবাদ জানিয়েছে ডিসিসিআই। এছাড়া এসএমই উদ্যোক্তাদের জন্য ৫০ লাখ টাকা এবং নারী ও প্রতিবন্ধী উদ্যোক্তাদের জন্য ৭০ লাখ টাকা পর্যন্ত টার্নওভার করমুক্ত রাখা, পাশাপাশি ৫০ হাজার টাকা পর্যন্ত ই-লোন চালুর উদ্যোগকে প্রশংসনীয় বলা হয়েছে। ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য নির্দিষ্ট হারে টার্নওভার কর এবং আলাদা ভ্যাট রিটার্ন ফরম চালু হলে কর ব্যবস্থাপনা আরও সহজ হবে বলেও মনে করে সংগঠনটি।

ডিসিসিআই মনে করে, বৈদ্যুতিক গাড়ি, মোবাইল ফোন, ফ্রিজ, এসি এবং বিভিন্ন প্রযুক্তিপণ্যে কর কমানোর ফলে দেশীয় শিল্পে বিনিয়োগ বাড়বে। একই সঙ্গে মুক্ত বাণিজ্য অঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে সহায়ক হবে। এছাড়া স্থানীয় ইলেকট্রিক বাস ও ট্রাক উৎপাদনকারী শিল্পের কাঁচামাল আমদানিতে ৫ শতাংশ অতিরিক্ত ভ্যাট এবং সম্পূর্ণ শুল্ক অব্যাহতি, পাশাপাশি দেশীয় ই-বাইক উৎপাদন ও সংযোজনকারী প্রতিষ্ঠানের জন্য সব ধরনের রেয়াতি সুবিধা বহাল রাখার সিদ্ধান্তকেও স্বাগত জানিয়েছে তারা।